

একই কক্ষে পাঁচ শ্রেণীর পাঠদান ॥ পড়াশোনা ব্যাহত

রাঙ্গাবালী সরকারী বিদ্যালয়

স্টাফ রিপোর্টার, গুলাচিপা ॥ রাঙ্গাবালী, উপজেলার গন্ডাদুলা এমএইচ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব কোন ভবন নেই। পাঁচ কক্ষের একতলা পাকা ভবনটি পরিত্যক্ত হওয়ার পর গত তিন বছর ধরে টিনের ঘরের ছোট একটি কক্ষে চলছে পাঠদান। বিদ্যালয়ের কাগজপত্র রাখা হচ্ছে পাশের একটি বাড়িতে। এমনকি শিক্ষকদের বসার জন্য নেই কক্ষ।

বিদ্যালয় কর্তৃপক্ষ জানান, ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত বিদ্যালয়টিতে বর্তমানে প্রায় দু'শ' শিক্ষার্থী রয়েছে। ১৯৯৩-৯৪ অর্থবছরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতর পাঁচ কক্ষের একটি একতলা ভবন নির্মাণ করেছিল। কিন্তু দীর্ঘদিন সেটি সংস্কার বা মেরামত না হওয়ায় তা ব্যবহারের অযোগ্য হয়ে পড়ে। পরে ২০১৩ সালে প্রাথমিক শিক্ষা অধিদফতর এক কক্ষের একটি টিনের ঘর নির্মাণ করে। সেটিতেই চলছে প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত সবগুলো শ্রেণীর শিক্ষার্থীদের পাঠদান। সরেজমিনে দেখা গেছে, পর্যাপ্ত জায়গা না থাকায় শিক্ষার্থীদের গাদাগাদি করে বসতে হচ্ছে। এতে তারা পড়াশোনায় মনোযোগ দিতে ব্যর্থ হচ্ছে। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বেনজির সুলতানা জানান, শিক্ষকদের বসার কোন কক্ষ নেই। তাই বিদ্যালয়ের গুরুত্বপূর্ণ কাগজপত্র পাশের একটি বাড়িতে রেখে আসতে হয়। এমনকি শিক্ষার্থীদের জন্য দেয়া খাদ্য সহায়তার বিস্কুটের কার্টনও আরেকটি বাড়িতে রাখা হচ্ছে। এ বিষয়ে রাঙ্গাবালী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) গোলাম সগীর, জানান, বিদ্যালয়ের নিজস্ব ভবন সঙ্কটের বিষয়ে একাধিকবার উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানান। তবে তাতে এখন পর্যন্ত সাড়া মেলেনি।